বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত, কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বাউবি/প্রশা(রিসার্চ ডিগ্রি)/ভর্তি বিজ্ঞপ্তি/০১(০৫)/২০১৯/পার্ট০১/৪৪৭৭ তারিখ : ০১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ১৬ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## ভর্তি বিজ্ঞপ্তি

এমফিল/পিএইচডি প্রোগ্রাম

শিক্ষাবর্ষ : ২০২৫-২০২৬ (পঞ্চম ব্যাচ)

১. বাউবির এমফিল/পিএইচডি প্রোগ্রামে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে নিম্নে বর্ণিত বিষয়ে গবেষক ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে –

**স্কুল অব এডুকেশন**
এমফিল ও পিএইচডি প্রোগ্রামের ভর্তির বিষয় : দর্শন, বাংলা, গণিত, ইংরেজি, শিক্ষাবিজ্ঞান

**সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল**
এমফিল ও পিএইচডি প্রোগ্রামের ভর্তির বিষয় : সমাজতত্ত্ব, ইংরেজি, দর্শন, বাংলা, ইসলাম অধ্যয়ন, ভূগোল ও পরিবেশ, আরবি, ইতিহাস, অর্থনীতি

**ওপেন স্কুল**
এমফিল ও পিএইচডি প্রোগ্রামের ভর্তির বিষয় : পদার্থবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, বাংলা, রসায়ন, ইংরেজি, ব্যবস্থাপনা ও মানবসম্পদ ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, ইসলাম অধ্যয়ন, অর্থায়ন ও ব্যাংকিং, উদ্ভিদবিজ্ঞান, ভূগোল ও পরিবেশ, বিপণন, ইসলামের ইতিহাস, ইতিহাস, উন্মুক্ত ও দূরশিক্ষণ, দুর্যোগ ব্যবস্থাপনা, উন্নয়ন অধ্যয়ন, উদ্যানতত্ত্ব

**স্কুল অব বিজনেস**
এমফিল ও পিএইচডি প্রোগ্রামের ভর্তির বিষয় : হিসাববিজ্ঞান, অর্থনীতি, ব্যবস্থাপনা, বিপণন, অর্থায়ন

**কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল**
পিএইচডি প্রোগ্রামের ভর্তির বিষয় : মৃত্তিকা বিজ্ঞান, মাৎস্যবিজ্ঞান, কৃষিতত্ত্ব, পোল্ট্রিবিজ্ঞান, কৃষি প্রকৌশল, উদ্যানতত্ত্ব, পশুপালন, পরিবেশ বিজ্ঞান

**স্কুল অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি**
এমফিল ও পিএইচডি প্রোগ্রামের ভর্তির বিষয় : কম্পিউটার বিজ্ঞান, খাদ্য নিরাপত্তা, পুষ্টি ও খাদ্যবিজ্ঞান, ন্যাচারাল প্রোডাক্টস

২. **ভর্তির যোগ্যতা**

ক. স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীগণ বাউবির এমফিল/পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। প্রার্থীকে অবশ্যই সকল পরীক্ষায় ন্যূনতম ৫০ শতাংশ নম্বরসহ দ্বিতীয় বিভাগ (চতুর্থ বিষয়সহ) অথবা জিপিএ/সিজিপিএ ৫ এর মধ্যে ৩.৫ এবং ৪ এর মধ্যে ৩ পেতে হবে। স্বাস্থ্য পেশাজীবীদের ডিগ্রিধারী প্রার্থীদের পাস মার্ক থাকতে হবে।

খ. পিয়ার রিভিউড স্বীকৃত জার্নালে প্রার্থীর ন্যূনতম দুটি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হলে গবেষক পিএইচডি প্রোগ্রামে সরাসরি ভর্তির জন্য আবেদন করতে পারবেন। তবে এমফিল/এমএস ডিগ্রিধারী প্রার্থীর ন্যূনতম একটি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হতে হবে।

গ. বিদেশী ডিগ্রি বা বাংলাদেশে অবস্থিত বিদেশী প্রতিষ্ঠান বা তার শাখা হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে আবেদনকারীকে নিজ দায়িত্বে তার পাসকৃত সনদ ও গ্রেডশিট এসএসসি/সমমান ও এইচএসসি/সমমানের ক্ষেত্রে বোর্ড হতে এবং গ্র্যাজুয়েশন ও পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে সমতায়ন করে বাউবি পরিচালিত প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে হবে।

ঘ. বাউবি বা অন্য কোন বিশ্ববিদ্যালয়ে একই প্রোগ্রামে নিবন্ধিত গবেষকগণ এমফিল/পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন না।

ঙ. বিদেশী প্রার্থীদের উক্ত যোগ্যতা ছাড়াও আইইএলটিএস (একাডেমিক) স্কোর ন্যূনতম ৬/টোফেল আইবিটি স্কোর ৬০ থাকতে হবে। তবে মাতৃভাষা ইংরেজি হলে অথবা স্নাতকোত্তর ডিগ্রি ইংরেজি মাধ্যমে বিদেশে সম্পন্ন করলে আইইএলটিএস/টোফেল স্কোর প্রয়োজন নেই।

**৩. মাইগ্রেশনের মাধ্যমে এমফিল থেকে পিএইচডি প্রোগ্রামে ভর্তির যোগ্যতা**

অন্য বিশ্ববিদ্যালয়ের এমফিল প্রোগ্রামের কোর্সওয়ার্কে ৭০% নম্বরপ্রাপ্ত গবেষকগণ মাইগ্রেশনের মাধ্যমে বাউবির পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। গবেষক কোর্সওয়ার্কের সত্যায়িত নম্বরপত্র, পূর্বের বিশ্ববিদ্যালয়ের ছাড়পত্রসহ অন্যান্য কাগজপত্র নির্ধারিত আবেদনপত্রের সাথে যুক্ত করে সংশ্লিষ্ট স্কুলের কার্যালয়ে জমা প্রদান করবেন।

**৪.** কোর্সওয়ার্কের সকল ক্লাস সশরীরে অনুষ্ঠিত হবে।

**৫.** ভর্তিকৃত গবেষকদের প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগকর্তার অনুমতি নিতে হবে।

**৬. তত্ত্বাবধায়কের যোগ্যতা**

বাউবির সংশ্লিষ্ট বিষয়ের অধ্যাপক ও পিএইচডি ডিগ্রিধারী সহযোগী অধ্যাপকগণ গবেষণা তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। এক্ষেত্রে একজন শিক্ষক সর্বোচ্চ ০৮ জন গবেষকের গবেষণার তত্ত্বাবধায়ক ও ০২জন গবেষকের গবেষণার সহ তত্ত্বাবধায়ক হতে পারবেন।

অন্য বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউশনের ফ্যাকাল্টি সদস্যগণ বাউবির সহ-তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। সহ-তত্ত্বাবধায়কের সিভি আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে।

**৭. গুরুত্বপূর্ণ তারিখসমূহ**

আবেদনের সময়সীমা : ২২ সেপ্টেম্বর থেকে ০৫ নভেম্বর ২০২৫
গবেষণা সমন্বয় কমিটি কর্তৃক আবেদন যাচাই বাছাই : ০৬ থেকে ১০ নভেম্বর ২০২৫
গবেষকদের মৌখিক/লিখিত পরীক্ষা গ্রহণ ও ভর্তির জন্য সুপারিশ প্রদান : ১১ থেকে ১৬ নভেম্বর ২০২৫
সেন্ট্রাল রিসার্চ কমিটি কর্তৃক ভর্তির জন্য গবেষক মনোনয়ন : ১৭ থেকে ২৭ নভেম্বর ২০২৫
ভর্তি : ০১ থেকে ১৫ ডিসেম্বর ২০২৫
ক্লাস শুরু : ০১ জানুয়ারি ২০২৬
(বিশেষ পরিস্থিতিতে সময়সীমা পরিবর্তন হতে পারে)

**৮. আবেদনপত্রের লিংক :** https://bou.ac.bd/Resource/Forms
আবেদনপত্র ওয়েবসাইটের হোমপেজের ফরম অংশে পাওয়া যাবে।

**৯.** নির্ধারিত আবেদনপত্র অবশ্যই কম্পিউটারে কম্পোজ করে দিতে হবে। আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র [এক কপি গবেষণা প্রস্তাব {বাউবির নির্দেশনা অনুযায়ী প্রস্তুতকৃত ও প্রস্তাবিত গবেষণা তত্ত্বাবধায়ক ও সহ-তত্ত্বাবধায়ক (যদি থাকে) স্বাক্ষরসহ}, সকল একাডেমিক নম্বরপত্র ও সনদপত্রের সত্যায়িত অনুলিপি, পিয়ার রিভিউড স্বীকৃত জার্নালে প্রকাশিত প্রবন্ধের অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের অনুলিপি, ব্যাংকে টাকা জমার মূল রসিদ এবং সিভি (প্রযোজ্য ক্ষেত্রে)] যুক্ত করতে হবে।

**১০. আবেদন ফি জমা প্রদান**


আগ্রহী আবেদনকারীকে জনতা ব্যাংক পিএলসির যে কোনো শাখায় এমফিল প্রোগ্রামের জন্য এক হাজার পাঁচশত টাকা (হিসাব নম্বর ০১০০১৫৪৭৩৬৭১৩) এবং পিএইচডি প্রোগ্রামের জন্য দুই হাজার টাকা (হিসাব নম্বর ০১০০১৫৪৭৩৬০৬৩) আবেদন ফি বাবদ জমা প্রদান করতে হবে।

**১১. একাডেমিক ও ফাইন্যান্সিয়াল রেগুলেশনের লিংক :**
https://bou.ac.bd/fontend/handbook/os/MPhil_PhD_Regulation_16092025.pdf
রেগুলেশন ওয়েবসাইটের হোমপেজের স্টুডেন্ট হ্যান্ডবুকস্ অংশে পাওয়া যাবে।

**১২.** আবেদনপত্র সংশ্লিষ্ট স্কুলের কার্যালয়ে সরাসরি অথবা কুরিয়ারের মাধ্যমে ০৫ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। প্রয়োজনে যোগাযোগ :
ডিন, স্কুল অব এডুকেশন : ০১৭২৬০৯৯৮৪৬
ডিন, সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল : ০১৮১৭১০৫১০৫
ডিন, ওপেন স্কুল : ০১৯১৩৫০৫৮৯৮
ডিন, স্কুল অব বিজনেস : ০১৭১১৯৫৫৫৩৭
ডিন, কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল : ০১৭১২৬৭২৯৪৫
ডিন, স্কুল অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি : ০১৮৩৭০৯৫৩৯৪
রিসার্চ ডিগ্রি ইউনিট, প্রশাসন বিভাগ : ০১৯২৬০০১৭৪৩, ০১৭২৪২০৮৬৮১

**১৩.** অসম্পূর্ণ কিংবা নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোনো আবেদন বাতিলের অধিকার সংরক্ষণ করে। বাউবির এমফিল ও পিএইচডি প্রোগ্রামের একাডেমিক ও ফাইন্যান্সিয়াল রেগুলেশন এবং সেন্ট্রাল রিসার্চ কমিটির সিদ্ধান্তের আলোকে এই ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,



অধ্যাপক মোঃ আনিছুর রহমান
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ও
সদস্য সচিব
সেন্ট্রাল রিসার্চ কমিটি, বাউবি

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।
১. ডিন (সকল), ....................................., বাউবি।
২. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি।
ভর্তি বিজ্ঞপ্তি ওয়েবসাইট ও ফেসবুকে আপলোড; কিউআর কোড প্রদান এবং ডিজিটাল স্ক্রিনে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
৩. পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি। নির্ধারিত ভর্তি বিজ্ঞপ্তি দৈনিক বাংলাদেশ প্রতিদিন এবং দ্য নিউ নেশন পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৪. যুগ্ম পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, প্রশাসন বিভাগ, বাউবি। বাউবি সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর ই-মেইল এবং বাউবির সকল অফিসের ই-মেইলে ভর্তি বিজ্ঞপ্তি প্রেরণের অনুরোধ করা হলো।
৫. একান্ত সচিব, উপাচার্যের কার্যালয়, বাউবি। উপাচার্য মহোদয়ের অবগতির জন্য।
৬. একান্ত সচিব, উপ উপাচার্য (শিক্ষা)-এর কার্যালয়, বাউবি। উপ উপাচার্য মহোদয়ের অবগতির জন্য।
৭. একান্ত সচিব, কোষাধ্যক্ষের কার্যালয়, বাউবি। কোষাধ্যক্ষ মহোদয়ের অবগতির জন্য।
৮. সংশ্লিষ্ট নথি।